দৈনিক খবর

তারিখ ... 27 OCT 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ৬

49

১৪

# সোমবার ৭টি শিক্ষক সংগঠনের সমাবেশ ডাকা হয়েছে

।। স্টাফ রিপোর্টার ।।

সাতটি শিক্ষক সংগঠন আগামী সোমবার ২৯শে অক্টোবর বিকেল ৩টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্রে সমাবেশ আহবান করেছে।

সম্প্রতি অনুষ্ঠিত সংগঠনগুলোর

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## সোমবার ৭টি

প্রথম পৃষ্ঠার পর

এক যৌথ সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ইয়াজ উদ্দিন আহম্মেদ এতে সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশন, বাংলাদেশ শিক্ষক সমিতি, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি, সরকারী কলেজ শিক্ষক সমিতি ও বাংলাদেশ সহকারী শিক্ষক সমিতির নেতৃবৃন্দ।

শিক্ষক সংগঠনের নেতৃবৃন্দের এই যৌথ সভায় গভীর উদ্বেগ প্রকাশ করে বলা হয়, শিক্ষা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ শান্তি ও শৃংখলা রক্ষা করার অজুহাতে সরকার সম্প্রতি যে অধ্যাদেশ জারি করেছে ও তার বরাত দিয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দিয়েছে, সেটা প্রকৃতপক্ষে গোটা শিক্ষাব্যবস্থাকে পঙ্গু করার ষড়যন্ত্র বিশেষ। এর দ্বারা বিভিন্ন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মর্যাদা এবং ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অপরাপর স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের আইনের কার্যকারিতা ক্ষুন্ন হয়েছে। গণ-আন্দোলনের ভয়ে ভীত এই সরকার নিজের হীনস্বার্থ চরিতার্থ করার জন্য শিক্ষাবর্ষের বর্তমান গুরুত্বপূর্ণ পর্যায়ে শত শত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীর জীবনের ক্ষতি করতে ইতস্ততঃ করেনি। সরকার যে গোটা শিক্ষা ব্যবস্থা ধ্বংস করতে চায়, এটা তার প্রকৃষ্ট নজির। সভায় এই কার্যকলাপের তীব্র নিন্দা ও অবিলম্বে অধ্যাদেশটি প্রত্যাহার করে নেয়ার দাবী জানান হয়।